পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৪৬/১০০১৮

তারিখ ঃ ২৩ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ আগামী ১৪/০৯/২০২২ তারিখ শুরু হবে। ফরম পূরণের যাবতীয় নির্দেশনা নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা | আবেদন ফরম পূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ১৪/০৯/২০২২ ইং বুধবার থেকে ১১/১০/২০২২ ইং মঙ্গলবার | ১৩/১০/২০২২ ইং বৃহস্পতিবার রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত | ১৬/১০/২০২২ ইং রবিবার সকাল ০৯:০০ টা থেকে ১৮/১০/২০২২ ইং মঙ্গলবার দুপুর ০৩:০০ টা পর্যন্ত | ২০/১০/২০২২ ইং বৃহস্পতিবার |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) | ২০০/- | | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) | ২৫০/- | | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>I) বিশ্ববিদ্যালয় জমা হবে ১০০/- টাকা<br>II) কলেজে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | | | |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>I) কলেজ অংশ ১৫০/- টাকা<br>II) কেন্দ্র অংশ ৩০০/- টাকা | ৪৫০/- | | | | |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী প্রতি কোর্স) কলেজে জমা হবে | ১৫০/- | | | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী | ৩০০/- | | | | |

০১. <u>অনলাইনে আবেদন ফরম পূরণ ঃ</u>

- ❖ আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://nubd.info/formfillup/) এ গিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করবে এবং ডাউনলোড করে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দেবে। ফরম পূরণের সময় নন-মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল বিষয় কোড নির্বাচন করলে তা সংশোধন করা হবে না।

০২. <u>পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ</u>

<u>নিয়মিত</u>

- ❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল শিক্ষার্থী যারা ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

<u>অনিয়মিত</u>

- ❖ ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীগণ পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা অংশগ্রহণ করতে পারবে না। তবে যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২১ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

<u>গ্রেড উন্নয়ন</u>

- ❖ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র C বা D গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ❖ ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C-Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০২১ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় শর্ত সাপেক্ষে দেওয়া Promotion বাতিল হয়ে যাবে।
- ❖ অনুপস্থিত বা F গ্রেড প্রাপ্ত কোর্সে পরবর্তি বছর C বা D গ্রেড পেলে সে কোর্সে আর মান উন্নয়ন পরীক্ষার সুযোগ পাবে না। সকল বর্ষের পরীক্ষা শেষে CGPA নির্ধারিত হলে কোন মান উন্নয়ন বা গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবে না।
- ❖ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে Promoted ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে Promoted শিক্ষার্থীগণ শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

CamScanner

০৩. পাঠ্যসূচি ঃ

- সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

০৪. পরীক্ষার্থীদের করণীয় ঃ

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://nubd.info/formfillup/) এ গিয়ে শিক্ষার্থীগণ সঠিক পত্রকোডসহ যথাযথ ভাবে আবেদন ফরম পূরণ করবে এবং ডাউনলোড করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণ করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত পত্রকোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে।
- আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম পূরণ করতে হবে।
- পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের নির্দেশনা অনুযায়ী স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের করণীয় ঃ

- যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে রক্ষিত আছে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।
- সকল পরীক্ষার্থীদের ইনকোর্স নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।
- নিশ্চয়ন সম্পন্ন হলে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের পর ডাটা এন্ট্রি নিশ্চয়ন করা যাবে না।
- **পরীক্ষার্থীর রেজি: নম্বর নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।**

০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ

- ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফি সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (https://www.nu.ac.bd/) এর Services মেনুতে গিয়ে Sonali Seba-এ ক্লিক করুন। অতঃপর College Payment এ গিয়ে College Code দিয়ে Submit-এ ক্লিক করুন। নির্দিষ্ট পে-স্লিপ ডাউনলোড করে উল্লিখিত ফিসহ যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।
- Payslip সংগ্রহের জন্য ১৬/১০/২০২২ ইং তারিখ সকাল ০৯:০০ টা থেকে ১৮/১০/২০২২ ইং তারিখ দুপুর ০৩:০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতিত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৭. বিবরণী ফরম জমা ঃ

- আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

- **আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ**

| | | |
|---|---|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রাজশাহী ঃ<br>বাড়ী নং-৩৫৪, বালিয়া পুকুর,<br>বড় বটতলা, ঘোড়ামারা, রাজশাহী-৬১০০<br>ফোন # ০৭২১-৭৬২১৪১ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>চট্টগ্রাম ঃ<br>বাড়ী নং-৬৬/ডি, রোড নং-০১,<br>(জামে মসজিদ সংলগ্ন), দক্ষিণ খুলশী<br>চট্টগ্রাম-৪০০০<br>ফোন # ০৩১-২৫১৫৭২৪ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>সিলেট ঃ<br>আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট<br>সিলেট-৩১০০।<br>ফোন # ০৮২১-৭২৯১০২ |
| | | |
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>খুলনা ঃ<br>বাড়ী নং-২৭৭, রোড নং-০১<br>কে ডিএ সোনাডাঙ্গা আ/এ, ২য় ফেজ,<br>খুলনা-৯১০০<br>ফোন # ০৪১-৭৩১৬৭৩ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>বরিশাল ঃ<br>বাড়ী নং-১০০০, ওয়ার্ড নং-১২<br>মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা<br>বরিশাল-৮২০০<br>ফোন # ০৪৩১-৬১১৬৮ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রংপুর ঃ<br>বাড়ী নং- ৩৯০, জি এল রায় রোড<br>কামাল কাছনা, রংপুর-৫৪০০<br>ফোন # ০৫২১-৫৬০১৫ |
| **ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জন্য ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪** | | |

০৮. পরীক্ষা পরিচালনা ঃ

- কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হতে প্রতি পরীক্ষার্থী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমনঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিনশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষা শুরুর ০৩ (তিন) দিন পূর্বে ০১ কপি রোল বিবরণীসহ জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষা অনুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।
- ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।
- পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (https://www.nu.ac.bd/) থেকে জানা যাবে।

CS CamScanner

০৯. <u>ইনকোর্স পরীক্ষার নম্বর এন্ট্রি ও প্রেরণ ঃ</u>

- অনলাইনে শিক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়নের সময় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পত্রকোড নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর এন্ট্রি দিতে হবে। প্রিন্টকৃত ইনকোর্স নম্বরের এক কপি সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১০. <u>ব্যবহারিক পরীক্ষা ঃ</u>

- ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (https://www.nu.ac.bd/)-এ প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

<u>বি:দ্র: পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লেখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</u>

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

CamScanner